

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। তার দক্ষিণে গোপালগঞ্জ রয় (হারে)  
তার বামেতে রাধাগঞ্জ কিবা শোভা পায়।  
যে জন অটল মানুষ, প্রেমে বেহুশ,  
সেই মোকামে যায় গো চলে ॥
- ৪। সেই মোকামে যেতে যদি চাও (হারে)  
হরিনামের সাদা বাদাম টেনে এবার দাও ॥  
হরিনামের গুণে ছাড়বে প্রেমবায়ু, চলবে তরী নামের বলে ॥
- ৫। সেই দুই মোকাম হয়ে একত্তর (হারে)  
ওড়াকান্দি করছে লীলা অতি চমৎকার।  
গৌসাই তারকচাঁদের বাঙ্গ এবার, অশ্বিনী তোর নই কপালে ॥
- ১৪৬ নং তাল-গড়খেমটা**  
সাধের এক ময়না পুষে ঘটলো যজ্ঞগা।  
কত চাঁল ছোলা তোর ঠোঙ্গায় দিলাম,  
পাখী তোর ঘ্যাজ্জ ঘ্যাজ্জি বোল তউ গেল না ॥
- ১। সাধ করে পুষেছি ময়না,  
তোরে সাজাব বলে ভক্তি রসে গড়েছি গয়না,  
পাখী শাস্তি হরিচাঁদ বলেনা,  
আমার ঐ খেদে আর প্রাণ বাঁচেনা ॥
- ২। শোন বলি ও ময়না পাখী,  
এবার হরিগুরু গানে আমায় কররে সুখী।  
ও সেই কাল বিড়ালকে দিব ফাঁকী,  
তা'হলে ভব পারের ভয় রবে না ॥
- ৩। কতনা সমাদর করে,  
কত চিনি সন্দেশ মন্ডা মিঠাই খাওয়ালাম তোরে।  
বলবি হরিকথা বদন ভরে, অন্তরে ছিল আমার এই বাসনা ॥
- ৪। রেখে মোর হৃদি পিঞ্জিরায়,  
কত দিবানিশি হরিকথা সুধালাম তোমায়।  
পাখীর তউ হল না ভাবের উদয়,  
চিরদিন রইলো মনে এই বেদনা ॥